রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২, ২০১৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১৩৯, মতিঝিল বা/এ
ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ কার্তিক ১৪১৯ বঙ্গাব্দ/৭ নভেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৭৮-আইন/২০১২।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ১৪ (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপন (লাইসেন্স প্রাপ্তির আবেদন) প্রবিধানমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(খ) "শাখা ও কার্যালয়" অর্থ বীমাকারী কর্তৃক নিয়োজিত এক বা একাধিক বেতনভুক্ত ব্যক্তি কাজ করে এমন স্থান।



মূল্য ঃ টাকা ৮.০০

৩। **বীমাকারী কর্তৃক শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন।**—কোন শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্তির জন্য বীমাকারী কর্তৃক কর্তৃপক্ষের নিকট ফরম 'ক'-তে আবেদন দাখিল করিতে হইবে।

**ফরম 'ক'**

**বীমাকারীর নাম ও ঠিকানা**

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
সাধারণ বীমা ভবন-২ (২য় তলা)
১৩৯, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা।

বিষয় : **বীমাকারী কর্তৃক শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন।**

জনাব,

বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪ (২) অনুযায়ী আমরা নিম্নবর্ণিত বীমাকারী আমাদের শাখা ও কার্যালয় স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রদানের জন্য আবেদন করিতেছি। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে উপস্থাপিত হইল ঃ

(১) বীমাকারীর নাম ঃ

(২) নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা ঃ

(৩) প্রধান কার্যালয়ের ঠিকানা ঃ

(৪) বীমা ব্যবসা প্রারম্ভের তারিখ ঃ

(৫) সংশ্লিষ্ট এলাকায় অন্যান্য বীমাকারীর শাখা ও কার্যালয়ের সংখ্যা ঃ

**(৬) (ক) আবেদনকারী কর্তৃক পূর্বে স্থাপিত সকল শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি ঃ**

| ক্রমিক নম্বর | ঠিকানা | এলাকা | লাইসেন্স নম্বর ও তারিখ | শাখা ও কার্যালয় স্থাপনের তারিখ |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |
| ৫. | | | | |

**(খ) আবেদনকারী কর্তৃক পূর্বে স্থাপন করা হইয়াছিল, কিন্তু পরবর্তীতে বন্ধ হইয়া গিয়াছে এইরূপ সকল শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি ঃ**

| ক্রমিক নম্বর | ঠিকানা | এলাকা | লাইসেন্স নম্বর ও তারিখ | শাখা ও কার্যালয় স্থাপনের তারিখ এবং বন্ধ হইবার কারণ |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১. | | | | |
| ২. | | | | |

**(গ) আবেদনকারী কর্তৃক পূর্বে লাইসেন্স গ্রহণ করা হইয়াছিল, কিন্তু স্থাপন করা হয়নি এইরূপ সকল শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি ঃ**

| ক্রমিক নম্বর | ঠিকানা | এলাকা | লাইসেন্স নম্বর ও তারিখ | শাখা ও কার্যালয় স্থাপন না করিবার কারণ |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১. | | | | |
| ২. | | | | |

(ঘ) **নূতন শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন বা, ক্ষেত্রমত, আপীল না মঞ্জুর সংক্রান্ত তথ্যাদি ঃ**

| ক্রমিক নম্বর | ঠিকানা | এলাকা | আবেদন বা, ক্ষেত্রমত, আপীল না মঞ্জুরের তারিখ | আবেদন বা, ক্ষেত্রমত, আপীল না মঞ্জুরের কারণ |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১. | | | | |
| ২. | | | | |

(৭) (ক) **প্রস্তাবিত শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি ঃ**

| ক্রমিক নম্বর | ঠিকানা | এলাকা | *স্থাপনার মালিকানা সংক্রান্ত তথ্যাদি | প্রত্যাশিত বাৎসরিক প্রিমিয়াম আয় | প্রত্যাশিত বাৎসরিক ব্যবস্থাপনা খরচ |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |

*প্রস্তাবিত শাখা ও কার্যালয়ের স্থাপনার নিজ মালিকানাধীন হইলে, মালিকানা সংক্রান্ত দলিল এবং ভাড়াকৃত হইলে, ভাড়ার চুক্তিনামা দাখিল করিতে হইবে।

(খ) **প্রস্তাবিত শাখা ও কার্যালয়ের ব্যবস্থাপক সংক্রান্ত তথ্যাদি ঃ**

| ক্রমিক নম্বর | প্রস্তাবিত শাখা | শাখা-ব্যবস্থাপকের নাম | জীবন-বৃত্তান্ত |
|---|---|---|---|

আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, যেই শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্সের আবেদন করা হইয়াছে তাহা অবশ্যই বীমা ব্যবসা পরিচালনা/বীমা পলিসি বিপণনের উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।

তারিখ ঃ

আপনার বিশ্বস্ত
মুখ্য নির্বাহী কর্মকর্তা

কর্তৃপক্ষের আদেশক্রমে
**এম. শেফাক আহমেদ,** এ্যাকচুয়ারী
চেয়ারম্যান।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd